গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
জাহাজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

বিষয়: **IMO Member States Audit Scheme (IMSAS)** এর আওতায় পরিচালিত অডিটে প্রাপ্ত ফলাফল/পর্যবেক্ষণ নিষ্পত্তিকল্পে গৃহীত কার্যক্রম বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মোস্তফা কামাল<br>সিনিয়র সচিব<br>নৌপরিবহন মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ০৬-০২-২০২৪ |
| সময় | : | বেলা ১২:০০ ঘটিকা |
| স্থান | : | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ |

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা (পরিশিষ্ট 'ক') দ্রষ্টব্য।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভা শুরু করেন। সভাপতি সভাকক্ষে এবং ভার্চুয়াল প্লাটফর্মে উপস্থিত সকলের সাথে পরিচিত হন। সভাপতির অনুমতিক্রমে নৌপরিবহন অধিদপ্তরের মহাপরিচালক কমডোর এম মাকসুদ আলম সভার এজেন্ডা আলোচনা করেন। মহাপরিচালক মহোদয় সভায় বলেন, International Maritime Organization (IMO) সদস্য রাষ্ট্রসমূহের নিরাপদ, টেকসই, পরিবেশবান্ধব ও কার্যকর নৌপ্রশাসন সংক্রান্ত বিধিবদ্ধ কাঠামো (Regulatory Framework) উন্নয়নে নির্দিষ্ট সময় অন্তর IMO Member States Audit Scheme (IMSAS) এর আওতায় অডিট কার্যক্রম পরিচালনা করে থাকে। এ অডিট কার্যক্রম ঐচ্ছিক ভিত্তিতে ২০০৬ সালে শুরু হলেও ২০১৬ সাল থেকে সদস্য রাষ্ট্রসমূহের জন্য বাধ্যতামূলক করা হয়েছে। IMO বাংলাদেশে সর্বপ্রথম ২০১৭ সালে অডিট করেছে। উক্ত অডিটে ১৮টি Findings ও ০২টি observation রয়েছে। Findings ও observation সমূহের আলোকে নৌপরিবহন অধিদপ্তর হতে অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রমের রূপরেখা IMO-তে প্রেরণ করা হয়েছে। অতঃপর নৌপরিবহন অধিদপ্তরের ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার জনাব ওবায়েদ উল্লাহ ইবনে বশির সভায় এ বিষয়ে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। | নৌপরিবহন অধিদপ্তরের ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার জনাব ওবায়েদ উল্লাহ ইবনে বশির সভায় জানান, IMSAS এর Audit Findings ১৮টি ও observation ০২টির বিষয়ে খসড়া বাণিজ্যিক নৌপরিবহন আইন, ২০২৩ এ বেশ কিছু ধারা সংযোজন করা হয়েছে। বাণিজ্যিক নৌপরিবহন আইন, ২০২৩ অনুমোদিত হলে অডিট আপত্তির ৮০% নিষ্পত্তি করা সম্ভবপর হবে। | নৌপরিবহন মন্ত্রণালয় ও নৌপরিবহন অধিদপ্তর বাণিজ্যিক নৌপরিবহন আইন, ২০২৩ এর বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগে সার্বক্ষণিক ফলোআপ করবে। |
| ২। | অডিট আপত্তিতে IMO এর বিভিন্ন কনভেনশন এবং Instrument এর হালনাগাদ কপি অংশীজনদের নিকট না থাকার বিষয়টি উল্লেখ আছে। এই অডিট আপত্তিটি নিষ্পত্তির লক্ষ্যে Online Cloudbased এই সকল Instrument এর Library ক্রয় করা যেতে পারে। এ ব্যাপারে মন্ত্রণালয় এবং অধিদপ্তরের IT বিভাগের সমন্বয়ে গঠিত একটি কমিটির মাধ্যমে ক্রয় করার বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন। | নৌপরিবহন অধিদপ্তরের সিস্টেম এনালিস্ট এর নেতৃত্বে IMO Instrument সমূহের Online Cloud Library Subscription ক্রয় সংক্রান্ত বিষয়ে একটি কমিটি গঠন করতে হবে। কমিটিতে বিআইডব্লিউটিএ'র আইসিটি সেলের কর্মকর্তা সদস্য-সচিব এবং নৌপরিবহন মন্ত্রণালয়ের প্রোগ্রামার সদস্য থাকবেন। |
| ৩। | সভাপতি বলেন, মেরিটাইম কার্যক্রম লক্ষ্য, নীতিমালা এবং পরিপালনের কৌশল নির্ধারণ করার জন্য একটি উচ্চ পর্যায়ের Maritime Council থাকা প্রয়োজন। বিশ্বের কয়েকটি দেশের Maritime Council এর আদলে আমাদের দেশে একটি Maritime Council গঠনের রূপরেখা প্রস্তুত করা যেতে পারে। কাউন্সিল গঠনের লক্ষ্যে নৌপরিবহন অধিদপ্তর হতে খসড়া প্রস্তাব প্রেরণের জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়। | নৌপরিবহন অধিদপ্তর আগামী ০৭ কর্মদিবসের মধ্যে মেরিটাইম কাউন্সিল গঠনের প্রস্তাব নৌপরিবহন মন্ত্রণালয়ে প্রেরণ করবে। |

| | | |
|---|---|---|
| ৪। | সভায় The International Convention for the Prevention of Pollution from Ships (Marpol) Annex (I,II,III,IV,V,VI) অনুসারে বিভিন্ন বন্দরের বর্জ্য ব্যবস্থাপনার বিষয়ে আলোচনা করা হয়। সভাপতি বলেন, এ বিষয়ে নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক বিভিন্ন বন্দরসমূহ পরিদর্শনপূর্বক বন্দর কর্তৃপক্ষকে এ বিষয়ে করণীয় সম্পর্কে অবহিত করা যুক্তিযুক্ত হবে। নৌপরিবহন অধিদপ্তরকে বন্দর কর্তৃপক্ষসমূহের সাথে সমন্বয় করে বর্জ্য ব্যবস্থাপনার বিষয়ে কাজ করার উপর সভায় সভাপতি গুরুত্বারোপ করেন। | মেরিটাইম সেক্টরের বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয়ে নৌপরিবহন অধিদপ্তর বিভিন্ন বন্দর পরিদর্শন করে করণীয় নির্ধারণ এবং বন্দর কর্তৃপক্ষ সমূহের সাথে সমন্বয় করে কার্যকর করবে। |
| ৫। | IMSAS অডিট আপত্তিতে Maritime Strategy বিষয়টি তুলে ধরা হয়েছে। এ বিষয়ে সভাপতি বলেন, এ মন্ত্রণালয়ের বিভিন্ন আইন, প্রোটোকল, চুক্তি বাস্তবায়ন, Blue Economy, পঞ্চবার্ষিকী পরিকল্পনা ইত্যাদি বিষয় Maritime Strategy এর মধ্যে অন্তর্ভুক্ত করতে হবে।<br>তিনি আরও বলেন, এ বিষয়ে খসড়া প্রস্তুত করে ওয়েবসাইটে প্রদর্শন করা প্রয়োজন। তাই এ বিষয়ে একটি উচ্চপর্যায়ের কমিটি গঠন করা দরকার। উক্ত কমিটিতে মেরিটাইম সংশ্লিষ্ট সংস্থা হতে উচ্চপর্যায়ের কর্মকর্তাদের রাখা প্রয়োজন। এ বিষয়ে বিশেষজ্ঞ নিয়োগ দেয়া যেতে পারে। সভাপতি আরও বলেন, Maritime Strategy অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | নৌপরিবহন মন্ত্রণালয় Maritime Strategy প্রস্তুত করার লক্ষ্যে একটি ০৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করবে। |
| ৬। | সভায় নৌপরিবহন অধিদপ্তরের জনবল কাঠামোতে স্বল্পতার বিষয়ে আলোচনা করা হয়। মহাপরিচালক বলেন, নৌপরিবহন অধিদপ্তরে সার্ভেয়ারের স্বল্পতা রয়েছে। সভাপতি, আউটসোর্সিং পদ্ধতিতে প্রতিষ্ঠানে নিয়োগ দিয়ে সার্ভে সম্পন্ন করার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করার পরামর্শ প্রদান করেন। | আউটসোর্সিং পদ্ধতিতে সার্ভে ফার্ম/সার্ভেয়ার নিয়োগের বিষয়ে নৌপরিবহন অধিদপ্তর পদক্ষেপ গ্রহণ করবে। |
| ৭। | সভায় Accident/Incident & Causality Investigation এর নিমিত্ত কার্যক্রম পরিচালনার জন্য নৌপরিবহন অধিদপ্তরে একটি ইউনিট করার বিষয়টি গুরুত্ব সহকারে অলোচনা করা হয়। উক্ত ইউনিটে বিভিন্ন বিষয়ে দক্ষ, অভিজ্ঞ ও প্রশিক্ষণপ্রাপ্ত বিশেষজ্ঞ নিয়োগ দেয়া এবং নৌপরিবহন অধিদপ্তরের অর্গানোগ্রামে উল্লিখিত ইউনিট সংযোজন করার জন্য সভাপতি পরমর্শ প্রদান করেন। | নৌপরিবহন অধিদপ্তর Investigation Unit গঠনে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। |
| ৮। | সভায় IMO IMSAS অডিট আপত্তিতে বিভিন্ন সংস্থার বিষয়াদি নিয়ে আলোচনা করা হয়। সভাপতি এ বিষয়ে সকলের সাথে যোগাযোগ ও সমন্বয়ের মাধ্যমে নৌপরিবহন অধিদপ্তরকে কাজ করার জন্য নির্দেশনা প্রদান করেন। | IMO IMSAS অডিট আপত্তি নিষ্পত্তিতে নৌপরিবহন অধিদপ্তর সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সাথে যোগাযোগ ও সমন্বয়পূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। |
| ৯। | অডিটে মেরিটাইম কর্মকান্ডে যুক্ত সংস্থাসমূহে Quality Management System (QMS) প্রবর্তন করার উপর গুরুত্ব আরোপ করা হয়েছে। নৌপরিবহন অধিদপ্তর বর্তমানে QMS বাস্তবায়ন করছে। অন্যান্য সংস্থাসমূহের IMO সংশ্লিষ্ট কার্যক্রমসমূহ QMS এর আওতায় আনয়নের লক্ষ্যে নৌপরিবহন অধিদপ্তরকে সংস্থাসমূহের সহিত সমন্বয় এবং পর্যালোচনাপূর্বক ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় সকলে একমত পোষণ করেন। | নৌপরিবহন অধিদপ্তর অন্যান্য মেরিটাইম সংস্থার IMO সংশ্লিষ্ট কার্যক্রমসমূহে Quality Management System এর আওতায় পরিচালিত হয় কিনা তা যাচাইপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। |
| ১০। | অডিট আপত্তিতে International Maritime Dangerous Goods (IMDG) এবং International Maritime Solid Bulk Cargoes (IMSBC) এর Competent Authority (CA) নির্ধারণ এবং প্রয়োজনীয় Procedure এর ঘাটতির বিষয়টি উল্লেখ আছে। নৌপরিবহন অধিদপ্তর এ সংক্রান্ত একটি খসড়া মন্ত্রণালয়ে প্রেরণ করেছে।<br>সভাপতি উক্ত Standard Operating Procedure (SOP) দ্রুত পর্যালোচনাপূর্বক অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশনা প্রদান করেন। | SOP খসড়াটি দ্রুত অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে নৌপরিবহন অধিদপ্তর প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। |
| ১১। | IMO অডিটে Flag State & Port State Inspection এর পরিসংখ্যান এবং Accident/Incident এর ডেটা এবং এসংক্রান্ত Analysis এবং Corrective action কার্যক্রমের ঘাটতির বিষয়ে আলোকপাত করা হয়েছে। এ বিষয়ে প্রিন্সিপাল অফিসার, নৌ বাণিজ্য দপ্তরকে অডিট আপত্তি নিষ্পত্তিতে নির্দেশনা প্রদান করা হয়। | প্রিন্সিপাল অফিসার, নৌ বাণিজ্য দপ্তর এ লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়াও তিনি পরিসংখ্যান, ডেটা অ্যানালিসিস এবং ফ্লিট কোয়ালিটি কিভাবে বাড়ানো যায় তার ব্যবস্থা নিবে। |

| | | |
|---|---|---|
| ১২। | IMO অডিট নিষ্পত্তিতে Marpol সংক্রান্ত বিভিন্ন বিষয়াদি IMO এর Global Integrated Shipping Informationa System (GISIS) Website এ সন্নিবেশ করার গুরুত্ব আরোপ করা হয়েছে। এ ব্যাপারে নৌপরিবহন অধিদপ্তরকে বন্দরসমূহের সাথে সমন্বয়পূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য গুরুত্ব আরোপ করা হয়। | নৌপরিবহন অধিদপ্তর বন্দরসমূহের সাথে সমন্বয়পূর্বক ব্যবস্থা গ্রহণ করবে। |
| ১৩। | সভায় IMSAS অডিট সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্তের বাস্তবায়ন নিয়ে আগামী মে মাসের প্রথম সপ্তাহের মধ্যে একটি সভা করে নির্দেশনাসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে মর্মে সভাপতি জানান। | আগামী মে মাসের প্রথম সপ্তাহের মধ্যে IMSAS অডিট নিষ্পত্তি সংক্রান্ত অগ্রগতির উপর একটি পর্যালোচনা সভা করা হবে। নৌপরিবহন মন্ত্রণালয় ও নৌপরিবহন অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। |

০২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
তারিখ: ১৪-০২-২০২৪
মোঃ মোস্তফা কামাল
সিনিয়র সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

নং- ১৮.০০.০০০০.২৪.০০১.০০১.২৪- ৪৪

তারিখ: ০৫ ফাল্গুন, ১৪৩০
১৮ ফেব্রুয়ারি, ২০২৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১) চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
২) চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ
৩) চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ
৪) চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
৫) মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর
৬) মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর
৭) মহাপরিচালক (চলতি দায়িত্ব), মহাপরিচালকের সচিবালয়, বাংলাদেশ কোস্ট গার্ড
৮) যুগ্মসচিব (আই,ও), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯) পরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
১০)পরিচালক (হাইড্রোগ্রাফি), বাংলাদেশ নৌবাহিনী, নৌবাহিনীর সদর দপ্তর, বনানী, ঢাকা।
১১) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২) ক্যাপ্টেম মঈন উদ্দীন আহমেদ, মাননীয় নৌপরিবহন প্রতিমন্ত্রীর বিশেষ দূত, লন্ডন, যুক্তরাজ্য।
১৩) কাউন্সিলর (মেরিটাইম এফেয়ার্স), আইএমও, লন্ডন, যুক্তরাজ্য।
১৪) প্রিন্সিপাল অফিসার, নৌবাণিজ্য দপ্তর, চট্টগ্রাম।
১৫) চীফ নটিক্যাল সার্ভেয়ার (চলতি দায়িত্ব), চীফ নটিক্যাল সার্ভেয়ার এর অধিশাখা, নৌপরিবহন অধিদপ্তর
১৬) কন্ট্রোলার অব মেরিটাইম এডুকেশন (চলতি দায়িত্ব), কন্ট্রোলার অব মেরিটাইম এডুকেশন, নৌপরিবহন অধিদপ্তর
১৭) জনাব মোহাম্মদ ওবায়েদ উল্লাহ ইবনে বশির, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এন্ড এক্সামিনার, নৌপরিবহন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১৮) প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৯) অতিরিক্ত সচিব (সংস্থা-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২০) যুগ্মসচিব (জাহাজ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৮.০২.২৪

(সৈয়দ আলী আহসান)
উপসচিব
ফোন: ২২৩৩৮০৭৮৬
ds.ship@mos.gov.bd